

তোমার গল্প

উৎসর্গ - ঘাতকাহত ডঃ হুমায়ুন আজাদ-কে

ফতেমোল্লা

২৮শে ফেব্রুয়ারী ৩৩ মুক্তিসন।

তুমি।

পৃথিবীতে আজ যেন,

তুমি ছাড়া আর কিছু নেই, শহরে বন্দরে গ্রামে।

প্রবল দ্রষ্টার নামে,

দিক হতে দিগন্তে, যুগ হতে যুগন্তে,

তোমারই অট্টহাসিতে কেঁপেছে ধরণী, মানুষের ইতিহাস।

হিংস্র নখরে ছিঁড়ে আকাশ বাতাস,

বার বার ফিরে আসো। অসহ আক্রোশে,

চেঁড় তীর, দড় দাও প্রভু হয়ে বসে।

শক্ত উরু, রক্তচোখ, লোমশ বাহুতে,

গ্রাস করো স্মিন্দনীড় অনল রাহুতে,

তুমিই তো সেই!

বার বার দেখি তোমাকেই।

নৃশংস হাসিতে,

রক্তপাতে হোলি খেল প্রস্তর রাশিতে,

মহাপুরুষের দেহে। বন্দী গ্যালিলিও,

বন্দী হানিফা ইমাম, ইমাম শাফি-ও

এহিয়া নবীর শির, রক্তমাখা পাতে,

জাকারিয়া নবীকে কাটো কঠিন করাতে,

তোমার সুদক্ষ হাতে।

খনার ওপড়ানো জিহ্বা, সবলে, অথবা,

জ্বলন্ত চিতায় পোড়ে জীবন্ত বিধবা,

করুণাময়ের নামে। তুমিই তো সেই!

বার বার দেখি তোমাকেই !

নিখোঁজ মেহ্নী, বোধারী নির্বাসিত,

বন্দী ইমাম আহমদ। নির্বাপিত

যীশুশ্রীষ্ট, সক্রেটিস ও হোমা দারাবী,

মাতুর লুনেস, তাহা, নাওয়াল সাদাবী,

আসে বার বার,

তারিক, হিকমত আর শেখ আনোয়ার,

দেখেছ! তখনো সমুদ্র, সফেন তোমার!

তখনো শকুনী, প্রেত, গৃধিনীর দল,

তোমার ভয়াল হাসি, খঙ্গের সবল!

তখনো গ্রহরা ব্রহ্মে চোখ রাখে ঢেকে,
গ্রহের উপরে ক্লিন পা' রেখে রেখে
রগ খুঁজে ফেরো তুমি কাদের? যাদের
দীপ্ত চোখে জলে ওঠে হ্রাস্যন আজাদের
বাণী ক্ষুরধার?

আর,
তোমাকেও খুঁজে ফেরে সে ও।
ধনুকে লাগিয়ে তীর, অজর অজেয়
একাগ্র বালক।
লক্ষ বছর ধরে ক্লান্তিহীন ও যে,
তোমার-ই হৃৎপিণ্ডের খোঁজে।
সৃষ্টির আদর-কাড়া সে রাজকুমার,
যেন স্বপ্ন দিয়ে গড়া মর্মদেহ তার।
কি নিবিড়, কি নিটোল মায়াময় তনু,
স্ফুরিত অধর আর স্নিঘ ভু-ধনু,
কেয়ুর, কণকহারে, উষ্ণীয়ে তাঁজে,
মণিময় কুন্ডলে, অপরূপ সাজে !

বাঁপিয়ে সপ্ত সাগর ও তেরো নদী,
কাঁপিয়ে প্রকৃতি, পরূষ, দৈব অবধি,
চোখের পলকে দৃষ্টি হয়ে যায় পার,
উত্তর-দক্ষিণ মেরু, অগাধ - অপার।
খুঁজে ফেরে জনপদে, নগর বন্দরে,
বাহিরে অন্দরে, - শত, গোপন কন্দরে।
উন্মুখ বিশ্বয়ে তাকে দেখে মহাকাল,
উদয়-অস্তাচল, দেখে দিক-চক্রভাল।
মুঞ্ছ দেখে গ্রহ তারা, মরু-অরণ্যানী,
তার,- নর্ম মুখখানি !
বিন্দু ঘাম মুঙ্গোসম, ললাটে চিরুকে,
ক্ষিপ্র পদচিহ্ন এঁকে সময়ের বুকে,
ওঠে সে পাহাড়-চুড়ো, ছোটে সে পাতালে,
সোনার লুকোন কৌটো, দীঘির অতলে,
কৃষ্ণ-ভ্রমরে লুকোন, তোমার কঠিন প্রাণ।

সব গল্পে হলে অবসান,
অভ্রভেদী বালকের পায়ে কাকে দেখি!
চন্দ অভিশাপ, তুমি ধরাশায়ী এ কি!

কোন গল্পে, দানব, বিজয়ী হয়েছে কি? ?